

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

ADC-FINAL VOTER :

আসন্ন এডিসি নির্বাচনে মোট ভোটার ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন। গতকাল রাজ্য নির্বাচন কমিশনের ঘোষিত চূড়ান্ত ভোটার তালিকায় এ তথ্য উল্লেখ করা হয়েছে। মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার রয়েছেন চার লক্ষ ৮২ হাজার ২৫ জন। মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৬ জন। এডিসির ২৮টি আসনের মধ্যে সবচেয়ে বেশি ভোটার রয়েছে দামছড়া-জম্পুইকেন্দ্রে। এই কেন্দ্রে মোট ভোটার ৪৯ হাজার ৫৬৬ জন। সবচেয়ে কম ভোটার রয়েছে টাকারজলা-জম্পুইজলা কেন্দ্রে। এই কেন্দ্রে মোট ভোটার ২১ হাজার ৫৬৬ জন।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল আগরতলা চিল্ড্রেনস পার্কে চতুর্থ ত্রিপুরা মৎস্য উৎসবের উদ্বোধন করেন। মৎস্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই মৎস্য উৎসবে রাজ্যপাল সর্বাধিক সুবিধা অর্জনের জন্য মৎস্যচাষীদের সঠিক বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণের আহ্বান জানান। রাজ্যপাল বলেন, রাজ্যকে মৎস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে দপ্তরকে পরিকল্পনা গ্রহণ করে কাজ করতে হবে। মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেন, রাজ্যকে মৎস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে কাজ করছে। রাজ্যপাল মৎস্যচাষে সফলতার জন্য মৎস্যচাষীদের সংবর্ধনা জানান।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন দিব্যঙ্গজনরা দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গতকাল নয়াদিল্লিতে পার্পল ফেস্টে ভাষণ দেওয়ার সময় রাষ্ট্রপতি বলেন এই ফেস্টে দিব্যঙ্গজনদের দক্ষতা তুলে ধরে। তারা সাহিত্য, ক্রীড়া, বিজ্ঞান এবং অন্যান্য ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। অনুষ্ঠানে রাষ্ট্রপতি দিব্যঙ্গজনদের সুবিধা প্রদানের জন্য প্রধানমন্ত্রী দিব্যঙ্গ কেন্দ্র এবং সুগম্য ভারত অভিযানের মতো সরকারি প্রকল্পগুলির কথা তুলে ধরে বলেন এই প্রকল্পগুলি দিব্যঙ্গজনদের স্বাবলম্বী হওয়ার সুযোগ প্রদান করেছে। দিব্যঙ্গজনরা ২০৪৭ সালে দেশের বিকশিত ভারত যাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা ব্যক্ত করেন তিনি।

Assembly :

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন গতকাল থেকে শুরু হয়েছে। চলবে আগামী ২৫ মার্চ পর্যন্ত। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষনের মধ্য দিয়ে অধিবেশনের সূচনা হয়। রাজ্যপালের ভাষনের পর বিজনেস এডভাইসোরি কমিটির রিপোর্ট উপস্থাপন এবং গৃহীত হয়। উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের স্মৃতিতে শোকপ্রস্তাব পাঠ করেন। স্মৃতিচারণের পর উপাধ্যক্ষ অধিবেশন মূলতুবি ঘোষণা করেন। অধিবেশন পুনরায় শুরু হবে আগামী সোমবার। ঐদিন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট পেশ করবেন।

Clean Hostel :

গতকাল বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে চলতি বছরের সিপাহীজলা জেলা ভিত্তিক ক্লিন হোস্টেল, গ্রীন হোস্টেল অভিযানের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। জনজাতি কল্যাণ দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা সভাধিনেত্রী সুপ্রিয়া দাস

দত্ত। অনুষ্ঠানে জেলার অন্তর্গত ছেলে ও মেয়েদের তিনটি করে হোস্টেলকে পুরস্কৃত করা হয়।

Nesha Mukta Tripura :

নেশামুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে অমরপুর মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে গতকাল এক রেলী আয়োজিত হয়। পরে অমরপুর নতুন টাউনহলে নেশামুক্ত ত্রিপুরার বিষয়ে আলোচনা করেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা।

HPV Vaccination :

সার্কুমের মনুবাজারে দক্ষিণ জেলাভিত্তিক এইচপিভি টিকাকরণ কর্মসূচীর সূচনা করেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত। নারীদের সার্ভাইক্যাল ক্যান্সার প্রতিরোধের পদক্ষেপ হিসেবে টিকাকরণের পাশাপাশি ৫৫০ জন রোগীকে বিনামূল্যে পরিষেবা প্রদান এবং কাউন্সেলিং করা হয়।

Meeting On Disaster Management :

আসন্ন বর্ষা মরসুম ও সম্ভাব্য কালবৈশাখী ঝড়কে সামনে রেখে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সার্বিক প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে গতকাল খোয়াই মহকুমা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিভিন্ন দপ্তরের প্রস্তুতি, করণীয় পদক্ষেপ এবং সমন্বিত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন ডিজাস্টার ম্যানেজমেন্টের ব্রাঞ্চ অফিসার দীপঙ্কর সরকার।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জেলায় বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৩৯ দশমিক ৮ মিলিমিটার।
